REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

**মহাবল হালুয়া**



অশ্বগন্ধা, শতমূলী, তালমূলী, ভুঁইকুমড়া, আলকুশী, শালমমিশ্রী প্রভৃতি শ্রেষ্ঠ পুষ্টিকর ও সর্ব্বধাতুপোষক উপাদান দ্বারা প্রস্তুত—স্নায়বিক দৌর্ব্বল্য, ধাতু-দৌর্ব্বল্য, শুক্রক্ষয়, স্মৃতিশক্তিহীনতা, বীর্য্যতারল্য প্রভৃতি রোগের বল, বীর্য্য, মেধা ও প্রাণবিবর্দ্ধক মহৌষধ শিক্ষক ছাত্র ও মস্তিষ্ক-চালনাকারিদিগের পরম সুহৃৎ। ২০ দিন সেবনোপযোগী আধ পোয়ার মূল্য ১৲ ডাকমাশুল স্বতন্ত্র।

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি, এ।

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৫ই ফাল্গুন বুধবার ১৩৩৫ ইংরাজী 27th February 1929. | ৩৬শ সংখ্যা।

## হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

**গুণে গন্ধে সৌরভসম্পদে**
**কেশরঞ্জন অদ্বিতীয়।**

কে-শ-র-ঞ্জ-ন — সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন — মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন — চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন — কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন — চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন — রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন — শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন — সবারই নিত্য প্রয়োজন

মুল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারন্না রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

**অত্যাশ্চর্য্য ব্যাপার।**

সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, সূতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধসেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ।



ডাঃ এন, এল, পালের

**সুদর্শন সার।**

সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ওযকৃতসংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৳০ বার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাক্তার নন্দলাল পাল এণ্ড সন্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


বেলজিয়ম ও ফরাসী দেশীয়

# প্রিমিয়ম বণ্ড

## সুদ ও লটারীর একত্র সমাবেশ।

**সামান্য মূলধনে প্রতিমাসে লক্ষপতি এমন কি দশলক্ষপতি হইবার সুযোগ।**

**পুঁজি হারাইবার আদৌ আশঙ্কা নাই।**

**ব্যাপার খানা কি। দেখুন।**

এতদ্দেশে যেমন 'ওয়ার বণ্ড', ক্যাস সার্টিফিকেট, কোম্পানির কাগজ, মিউনিসিপাল ডিবেঞ্চার প্রভৃতি কিনিয়া লোকে টাকা খাটাইয়া থাকে, প্রিমিয়ম বণ্ড ফরাসী (ফ্রান্স) দেশে টাকা জমাইবার বা খাটাইবার একটী সুন্দর উপায়। ইহার বিশেষত্ব এই যে—সুদের টাকা তো ছয়মাস অন্তর বা বৎসর অন্তর]পাইবেনই উপরন্তু মাসে মাসে (কোন কোন বণ্ডে বৎসরে ছয়বার বা চারিবার) বণ্ডহোল্ডারগণের মধ্যে খুব মোটা টাকার ড্রইং (লটারী বা সুরতি) গবর্ণমেণ্ট অফিসার ও বণ্ডহোল্ডারগণের সম্মুখে হইয়া থাকে। জাল জুয়াচুরি বা তঞ্চকতার ভয় নাই। সামান্য টাকায় বণ্ড কিনিয়া অনেকে অদৃষ্ট ফিরাইয়া লইতেছে। অনেক কাঙ্গাল

[ ৩ ]

বৎসর বৎসর লক্ষপতি হইতেছে। ভারতবর্ষেরও অনেক শিক্ষিত ভদ্র লোক রাজা মহারাজা জজ ম্যাজিষ্ট্রেটগণ এই প্রিমিয়ম বণ্ড ক্রয় করিয়াছেন। যাঁহারা ফরাসী (ফ্রান্স) দেশীয় এই প্রথা জানেন তাঁহারা কখনও অবিশ্বাস করেন না। ইহা উক্ত দেশের গবর্ণমেণ্টের অনুমোদিত। বাঙ্গলার অধিকাংশ লোকই এই বণ্ডের বিষয় অবগত নহেন।

### প্রিমিয়ম বণ্ড সম্বন্ধে বিলাতী সংবাদ পত্রের মতামত।

প্রিমিয়ম বণ্ড সম্বন্ধে বিলাতের 'ডেলীমেল' কি বলেন দেখুন।

"French and Belgian Corporations recognise that municipal loans are the legitimate source of invest-

[ ৪ ]

ment for the savings of the working man, they know how to make their loans attractive, and meet with well deserved success. All the Bonds are to bearer with interest coupons attached, and pass from hand to hand like bank notes without any transfer or legal formality of any kind. A Bond may even be paid away in settlement of an account, as it is always saleable at sight."—*Daily Mail.*

### প্রিমিয়ম বণ্ড লটারী টিকিট নহে।

লটারী টিকিট কিনিয়া যদি লটারীতে নাম না উঠে, আপনার টাকা একদম গরবাদ। প্রিমিয়ম বণ্ডে সে আশঙ্কা নাই। যত দিন না আপনার বণ্ড কোন একটী পুরস্কার না পাইল ততদিন অক্ষত হইয়া

[ ৫ ]

থাকিবে। বৎসর বৎসর সুদ পাইবেন। একটী পুরস্কার পাইলেই বাতিল হইল জানিবেন। পুরস্কার যাহা পাইবেন তাহা বণ্ডের "ফেস্ ভ্যালুর" দাম অপেক্ষা কম হইবে না। এই বণ্ড দান বিক্রয় রেখা হস্তান্তর করা চলে। বন্ধক দিয়া টাকা ধার পাওয়া যায়। যে ব্যাঙ্ক, যে এজেণ্ট বা যে কোম্পানীর নিকট বণ্ড কিনিবেন তাহারাই ইহা বন্ধক রাখিয়া টাকা ধার দিবে। বিক্রয় করিয়া দিবে। তবে ফরাসী মুদ্রা ফ্রাঙ্কের মূল্যের হ্রাসবৃদ্ধি অনুসারে বণ্ডের মূল্যের হ্রাসবৃদ্ধি হইয়া থাকে। বন্ধক দিয়া টাকা ধার করিলে বণ্ডে যে সুদ পাওয়া যায় তাহা অপেক্ষা বেশী সুদ দিতে হয়। ইহা দেনাদারের গরজই বলিতে হইবে। শতকরা বার্ষিক ১২৲ টাকার কম সুদে কোন কোম্পানি প্রায়ই বণ্ড বাঁধা রাখেন না।

[ ৬ ]

### কিস্তিবন্দী হিসাবে প্রিমিয়ম বণ্ড ক্রয় খুব সুবিধা।

মনে করুন একখানি বণ্ডের দাম নগদ আশী টাকা। সাধারণ গৃহস্থের পক্ষে এক মুষ্টে ৮০৲ টাকা দিয়া বণ্ড ক্রয় করা অসম্ভব। যাহাতে সকল অবস্থার লোক প্রিমিয়ম বণ্ড কিনিতে পারে তজ্জন্য কিস্তিবন্দী হিসাবে ও বণ্ড বিক্রয়ের ব্যবস্থা আছে। তবে নগদ মূল্য অপেক্ষা কিছু বেশী দাম দিতে হয়। ৮০৲ টাকার বণ্ডখানি মাসিক দশ টাকা কিস্তিবন্দীতে লইলে ৯ মাসে ৯০৲ দিতে হয়। মাসিক ৫৲ হিসাবে কিস্তি করিলে ২০ মাসে ১০০৲ দিতে হয়। নগদ মূল্য দিবা মাত্র রেজিষ্টারী ইনসিওর যোগে বণ্ড পাঠান হয়। কিস্তিবন্দী হিসাবে লইলে একখানি 'কণ্ট্রাক্ট নোট' দলিল পাঠান হয়। উক্ত দলিলে আপনার প্রাপ্য বণ্ডের নম্বর উল্লেখ থাকিবে। এক কিস্তি বা দুই কিস্তি টাকা দেওয়ার পরই যদি উক্ত নম্বরের বণ্ড ড্রইংএ (লটারীতে) উঠে, তবে পুরস্কারের টাকা সমস্তই আপনি পাইবেন। কেবলমাত্র বাকি কিস্তির দরুন টাকা কাটিয়া রাখিয়া সমস্ত আপনাকে

[ ৭ ]

দেওয়া হইবে। সুতরাং গরীব গৃহস্থের পক্ষেও প্রিমিয়ম বণ্ড ক্রয় করা খুব কঠিন নয়। মাস মাস ড্রইংএর (লটারীর) ফল ছাপা হয়। যিনি যে কোন এক রকমের বা দুই কি তিন রকমের তিন খানা বণ্ড এক সঙ্গে লইবেন তিনি বরাবর মাসে মাসে উক্ত লিষ্ট ছাপা কাগজ বিনা মূল্যে বিনা খরচায় পাইবেন। তিন খানা অপেক্ষা কম সংখ্যক বণ্ডক্রেতাকে ফল জানিবার লিষ্ট পাইবার জন্য বৎসরে ৩৲ টাকা দিতে হয়। তবে ঈশ্বর করেন যদি আপনার বণ্ড ড্রইংএ উঠে তবে তৎক্ষণাৎ ঘরে বসিয়া বিনা ব্যয়ে খবর জানিতে পারিবেন। প্রত্যেক ড্রইংএর পর আপনার বণ্ড-বিক্রেতা আপনার নম্বর মিলাইয়া দেখিয়া আপনার সুফল হইলে তদ্দণ্ডে তার যোগে বা পত্র লিখিয়া জানাইবে। কখনও ঠিকানা পরিবর্ত্তন হইলে বণ্ড বিক্রেতাকে নূতন ঠিকানা জানাইবেন। নচেৎ গোলমাল হইতে পারে। বণ্ড হারাইয়া গেলে টাকা পাইবার আশা নাই। কেননা বণ্ড না দেখাইলে পুরস্কারের টাকা কাহাকেও দেওয়া হয় না। বণ্ড,

[ ৮ ]

ক্রেতার মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারীগণ যিনি বণ্ড দাখিল করিবেন তিনি ঘরে বসিয়া টাকা পাইবেন। টাকা পাইবার কোন কষ্ট নাই। বণ্ড দেখাইবা মাত্র টাকা।

এতৎসঙ্গে সর্ব্বশেষে একখানি অর্ডার ফরম আছে উহা কাটিয়া লইয়া নগদ বা কিস্তিবন্দী যে ভাবে বণ্ড কিনিবেন তদনুযায়ী নগদ মূল্য বা প্রথম কিস্তির টাকা মনি অর্ডার যোগে ও অর্ডার ফরম খানি পূরণ করতঃ খামের মধ্যে নিম্ন ঠিকানায় পাঠাইবেন। কয়েক প্রকার প্রিমিয়ম বণ্ডের বিবরণও এতৎসঙ্গে দেওয়া হইল, সাধ্যমত ক্রয় করিবেন।

ঠিকানা
ম্যানেজার
প্রিমিয়ম বণ্ড সাপ্লাই এজেন্সি
১৬২ বাগমারী ভিলা ( ইষ্টার্ণ গেট )
কলিকাতা।


**খাঁটি পদ্মমধু**

(SELLER'S LOTUS HONEY.)

গবর্ণমেণ্ট হইতে রেজেষ্ট্রী করা সেলার্স "লোটাস ব্র্যাণ্ড" আসল পদ্মমধুই যাবতীয় চক্ষুরোগের মহৌষধ। ইহা সর্ব্বত্রই বিশেষরূপে পরীক্ষিত ও প্রশংসিত। ভারতের বড় বড় সহরে ও পৃথিবীর অন্যান্য দেশে সম্রান্ত ঔষধালয়ে পাওয়া যায়। সাবধান সস্তার কুহকে নকল লইবেন না। আসলের জন্য "সেলার্স" বলিয়া চাহিবেন। ইহাই একমাত্র নিরাপদ, নিশ্চিত ও নির্ভরযোগ্য। চাহিলেই প্রশংসাপত্র সম্বলিত বিশেষ বিবরণ পুস্তিকা বিনামূল্যে ও বিনামাশুলে পাইবেন। অদ্যই পত্র লিখুন।

**বাথগেট এণ্ড কোং, কেমিষ্টস,**
১৯নং ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট, কলিকাতা।



**সুলভে উৎকৃষ্ট জুতা**



**গঠনে ও স্থায়ীত্বে সর্ব্বশ্রেষ্ঠ এবং সর্ব্বত্র প্রশংসিত।**

ভদ্র মহোদয় ও মহিলাগণের এবং বালক বালিকাদিগের উপযোগী আধুনিক ফ্যাসানের সকল প্রকার জুতা সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে, এবং অর্ডারানুযায়ীও তৈয়ারী করিয়া দেওয়া হয়। সচিত্র মূল্য তালিকার জন্য নিম্ন ঠিকানায় অদ্যই পত্র লিখুন।

**ডব্লিউ, এস, ডসন এণ্ড কোং**

মেইল অর্ডার ডিপার্টমেণ্ট—
১৪নং হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।
খুচরা বিক্রয়ের ঠিকানা—
ই ৮৯, কলেজ ষ্ট্রীট মার্কেট, কলিকাতা।
ফোন—২৯৪০ কলিকাতা] [টেলি—এমব্রোকেস কলিঃ



**শারদোৎসবে - - -**

**নূতন অলঙ্কার আপনার - - -**

**প্রিয়জনকে প্রীতি সম্পাদন করিবে -**

আমাদের আয়োজন, অভিজ্ঞতা, পরিকল্পনা ও গঠন পারিপাট্য অতুলনীয়

**'LIVETIME' হাতঘড়ি**

সুদৃশ্য, সুলভ এবং সুন্দর সময়রক্ষক।

**ঘোষ এণ্ড সন্স**

ম্যানুফ্যাকচারিং জুয়েলার্স এবং ওয়াচ মেকার্স
১৬।১ নং রাধাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

টেলিফোন কলিকাতা—২৫৯৭
টেলিগ্রাম GHOSHONS'—Cal.

## কৃষিকার্য্যে অর্থাগম সুনিশ্চিত।

জগদ্বিখ্যাত ইণ্টারন্যাশন্যাল হারভেষ্টার কোম্পানীর সরঞ্জাম
এবং যন্ত্রাদি সাহায্যে চাষ এবং আবাদে
যথেষ্ট অর্থাগম হইয়া থাকে।

সকল প্রকার চাষ এবং আবাদের উপযোগী যাবতীয়
সরঞ্জাম এবং যন্ত্রাদি যথা লাঙ্গল, মটোর ট্রাক্টর,
কেরোসিন এঞ্জিন, আখমাড়া কল প্রভৃতির
বিবরণ পুস্তকের জন্য আবেদন করুন।

র‍্যালেকাম্‌ এণ্ড কোং
( ভারতের উত্তর-পূর্ব্ব অঞ্চলের এজেণ্ট। )
৭নং ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট,
পোষ্ট বক্স ৫০৭, কলিকাতা।

ভারতের একমাত্র সরবরাহকারক—
ভলকার্ট ব্রাদার্স।
( বোম্বাই, মাদ্রাজ, কলিকাতা, কলম্বো। )

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্ক্স্‌এর
## চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেণ্ট আছে।

সোল এজেণ্টস্‌—
বসাক ফ্যাক্টরী
৩ নং ব্রজদুলাল ষ্ট্রীট
কলিকাতা

## অনন্ত মূর্ত্তি মার্কা কাঁচা তিল তৈল

মস্তিষ্কের পুষ্টি ও কেশের কান্তি এবং
সৌন্দর্য্য বর্দ্ধনে অদ্বিতীয়।

প্রতি পাইণ্ট—৸৵০ আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র। বিক্রীর জন্য সর্ব্বত্র এজেণ্ট চাই। পত্র লিখিলে বিনামূল্যে নমুনা পাঠান হয়।

বায়ু ও কেশের উপকারী "শ্রী ষ্টার" ব্রাণ্ড সুবাসিত নারিকেল ও বাদাম তৈল ব্যবহার করিয়া দেখুন।

দে ব্রাদার্স
১২৪নং শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

সুবর্ণ সুযোগ।
**MEMORY TABLET**
বা
## স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্নদোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১৷০ পাঁচ সিকা।

এজেণ্ট্‌স্‌ ঃ—
এন্‌, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

"আজি আসিয়াছ ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"





রেড ক্রশ
ক্যাষ্টর অয়েল
NATURE'S OWN HAIR GROWER

সর্ব্বত্র পাওয়া যায়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৫ই ফাল্গুন বুধবার ১৩৩৫ সাল।

## বর্ত্তমান সমাজ।

—০—

"জঙ্গিপুর বাণী"র দ্বিতীয় সংখ্যায় 'উপনয়ন' শীর্ষক একটী প্রবন্ধ প্রকাশিত হইয়াছে। প্রবন্ধ লেখক সত্য সনাতন ব্রহ্মণ্যধর্ম্ম রক্ষার্থে নবোপনীত ব্রাহ্মণ তনয়গণকে 'অক্ষয় অব্যয় পরাকাষ্ঠা' দেখাইতে বলিয়াছেন, তাহাদিগকে উপবীতের পবিত্রতার জন্য কার্পাস বৃক্ষ রোপণ করিয়া চরকা সাহায্যে 'নবগুণ' প্রস্তুত করিতে উপদেশ দিয়াছেন। এ সকল উপদেশ সময়োপযোগী ও প্রশস্ত কিন্তু বর্ত্তমান কালের অশন বসনের উপর যে কিঞ্চিৎ ক্রোধ প্রকাশ করিয়াছেন ও প্রাচীনকালের গুরুগৃহস্থিত ব্রহ্মচর্য্যসম্পন্ন বেদাধ্যয়নরত ব্রাহ্মণবালকের চিত্র সম্মুখে রাখিয়া সেই প্রাচীন অবস্থা বর্ত্তমান সমাজে আনিবার জন্য যে ইঙ্গিত করিয়াছেন তাহার সমর্থন করা যায় না।

বর্ত্তমানকালে আর সে অবস্থা ফিরিবে না। সময়ের পরিবর্ত্তন হইয়াছে এবং হইয়াই থাকে। সে পরিবর্ত্তনের জন্য আজ দুঃখ করিয়া কোনও লাভ নাই। বর্ত্তমানের জন্যই আমাদিগকে প্রস্তুত হইতে হইবে। নহিলে মিউ-জিয়মে প্রাচীনকালের জীবেরা যেমনভাবে অবস্থিতি করিতেছে এ জগতে আমাদিগকেও তেমনিভাবে থাকিতে হইবে। সমাজ যদি আজ সত্য সত্যই জলে পড়িয়া থাকে তবে তাহাকে সাঁতার দিতে হইবে, ডাঙ্গার মত হাঁটিতে চেষ্টা করা বৃথা। বিজাতীয় ভাব গ্রহণ না করিয়া, ভারত-বর্ষের প্রাচীন সভ্যতার ধারা অক্ষুণ্ণ রাখিয়া সমাজকে বর্ত্তমান সময়ের সভ্যতার ও পারিপার্শ্বিক অবস্থার অনুরূপ করিয়া নূতন করিয়া গড়িয়া লইতে হইবে। অব্রাহ্মণ 'খানসামা'র হাতের জলে আচমন করিতে কুণ্ঠা প্রকাশ করিলে চলিবে না। হিন্দু আজ আর হিন্দুর প্রতি ঘৃণা প্রকাশ করিবে না। অস্পৃশ্যতাকে আজ দূর হইতে পরিহার করিতে হইবে। নহিলে ধ্বংস অনিবার্য্য।

প্রাচীন ঋষিগণের যুগ আমাদের নিকট হইতে এত দূরে অবস্থিত যে তাহার সম্বন্ধে একটা পরিষ্কার ধারণা করা কঠিন কিন্তু শত বৎসর পূর্ব্বেকার যে ব্রাহ্মণ সমাজ তাহার অনেক কথাই আমরা জানি। সেই সমাজের গর্ব্বই আমরা করি। তাহাদের ধর্ম্মনিষ্ঠা ও আচারকে আমাদের আদর্শ বলিয়া কল্পনা করি। কিন্তু আজ দালানে বসিয়া ডাবা হুঁকা, নস্য ও নিন্দা লইয়া দিনযাপন করিবার কাল চলিয়া গিয়াছে।

আজ আর বাহ্য আচারকে আঁকড়াইয়া ধরিলে চলিবে না। উহাকে বড় না করিয়া ধর্ম্মের উদারভাব, যথার্থ অভিপ্রায় হৃদয় দিয়া গ্রহণ করিতে হইবে।

———

## অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট।

—০—

পূর্ব্বে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর গো-গাড়ীর ট্যাক্স আদায় জন্য একজন বেতনভোগী কর্ম্মচারী ছিল। কয়েক বৎসর হইতে কর্ত্তৃপক্ষ ব্যবস্থা করিয়াছেন যে, গো-গাড়ীর ট্যাক্স আদায়ের জন্য বেতনভোগী কর্ম্মচারী রাখিবেন না। আদায়কারী শতকরা দশ টাকা করিয়া কমিশন পাইবে। ফলে উক্ত কর্ম্মে বহু প্রার্থী জোটে। সম্প্রতি ৭।৮ জন লোককে এই কর্ম্মে নিযুক্ত করা হইয়াছে। শুনিলাম সেদিন ভাইস চেয়ারম্যান বাবু জয়কৃষ্ণ দত্ত মহাশয় একজন আদায়কারীর অন্যায়ভাবে ৴১০ পয়সা আদায় করার জন্য টিকিট কাড়িয়া লইতেছিলেন। কাকুতি মিনতি করায় তাহার অপরাধ মার্জ্জনা করিয়াছেন।

গত সপ্তাহে আমরা এ বিষয়ে আলোচনা করিয়াছি। তাহাতে জনৈক বৃদ্ধ কমিশনার বিরক্ত হইয়াছেন। তাঁকে আমরা জিজ্ঞাসা করি মশায় খেয়াঘাটের বাজেট লইয়া অত মারামারি করিতেছিলেন কেন? শেষে ভোটে দিয়া নিজেরাই জয়লাভ করেন এবং যাঁরা ভোট দেন নাই তাঁহাদিগকে বলেন—ওহে তোমরা এই সামান্য ব্যাপার-টুকু বুঝলে না। তাই বলি খেয়াঘাটের বেলায় অত দরদ আর গরুর গাড়ীর ট্যাক্স আদায়ে এত নির্ম্মমতা কেন? নব নির্ব্বাচিত ও মনোনীত কমিশনারগণের মধ্যে অনেকেই শিক্ষিত। কিন্তু এই বৃদ্ধ শিক্ষিত ব্যক্তিদের মধ্যেও চাল চালিতে কসুর করেন না।

———

## প্রতিবাদ।

—০—

সম্প্রতি "জঙ্গিপুর বাণী" পত্রিকায় উপনয়ন শীর্ষক প্রবন্ধে লেখক দ্বিজাতির উপনয়ন যাহা শাস্ত্রমতে দশবিধ সংস্কারের প্রধানতম সংস্কার সেই উপনয়ন সংস্কারকে কেবল-মাত্র "অন্তঃসারশূন্য বাহ্যাড়ম্বর" "গোড়ায় গলদ" ইত্যাদি বিদ্রূপবাণে জর্জ্জরিত করিয়াছেন। পরিশেষে ব্রহ্মবীজাণু সৃষ্টিকল্পে যজ্ঞ সূত্রে (যাহাকে তিনি নবগুণ বলিয়াছেন) এমন পাক দিতে বলিয়াছেন যাহাতে এক একটী উপনীত ব্রাহ্মণকুমার একালে এক একটী বশিষ্ঠ বিশ্বামিত্র হয় এবং পেঁয়াজ রসুন সস্তা করিয়া দেয়। বশিষ্ঠ বিশ্বামিত্র না হইতে পারিলে উপনয়ন অপনয়ন অথবা অনুপনয়ন যেন লেখকের অভিপ্রেত মনে হয়। লেখক একবার অত্রি-সংহিতা দেখিলে দেখিবেন যে সে কালেও

দেবো মুনির্দ্বিজো রাজা বৈশ্যঃশূদ্রঃ নিষাদকঃ।
পশুর্ম্লেচ্ছোঽপি চণ্ডালঃ বিপ্রাঃ দশবিধাঃস্মৃতঃ॥

এইরূপ দশবিধ ব্রাহ্মণ ছিলেন, সকলেই বশিষ্ঠ বিশ্বামিত্রের মত ব্রহ্ম বীজাণু ছিলেন না।

সে কালের সঙ্গে এ কালের যেমন প্রভেদ, সে কালের ব্রহ্ম জিজ্ঞাসু ব্রাহ্মণের সঙ্গে এ কালের মসীজীবী বিষয়ী ব্রাহ্মণের কত প্রভেদ হওয়া উচিত ছিল এবং হইয়াছে তাহা লেখক ভাবেন নাই। আবার যদি থার্ম্মোমিটার, ব্যারোমিটার প্রভৃতি ডিগ্রী মাপিবার মত কোন মাপকাঠি থাকিত তাহা হইলে লেখক দেখিতেন যে ব্রাহ্মণই বা কত ডিগ্রীতে, লেখকই বা কত ডিগ্রীতে এবং ব্রাহ্মণেতর জাতিরাই বা কতদূর অধস্তন ডিগ্রীতে নামিয়াছে।

সংস্কার মাত্রেরই কতকগুলি অঙ্গ আছে তাহাকে যদি কেবল আড়ম্বরই বলা যায় তাহা হইলে লেখক মনের আবেগে এমনও বলিতে পারেন যে

এ দুঃখ কি প্রাণে সয়, কুড়ানীর বেটার উড়ানী গায়
হেরি দেহ দহ দহ করি কিবা হায়।

উপনিষদ যুগের প্রাচীন ভারতের ব্রাহ্মণের মত ক্ষমতা-শালী জাতি পৃথিবীতে আর জন্মে নাই এবং জন্মিবে কিনা সন্দেহ একথা ঋষিকল্প মেক্‌সমুলার প্রভৃতি পাশ্চাত্য পণ্ডিতগণও স্বীকার করিয়াছেন। আমরাও বলি—

ধরি গলে যজ্ঞসূত্র করতো যারা যজ্ঞসূত্র
যজ্ঞেশ্বরে পূর্ণাহুতি দিত মনের সুখে
সপ্রণব ব্যাহৃতিকা গায়ত্রী শব্দাত্মিকা
ওঙ্কার শব্দ ব্রহ্ম ধ্বনিত দিঙ্‌মুখে।
সেতো সুতোর সুতো নয়রে ভাই প্রাণের সুতার টান
আর কি ভারতে মোহন মন্ত্রে জাগিবে কি সে প্রাণ?

যদি তা হয় তা'হলে তো ধিগ্বলং ক্ষত্রিয় বলং ব্রহ্ম তেজো বলং মহৎ এই বচনের সার্থকতাই হয়, কিন্তু তাকি হবে? লেখক কি সেভাবে ব্রাহ্মণ পরিচালনার বিন্দুমাত্র প্রচেষ্টা দেখাইবেন? না উপনয়ন সংস্কারকে কেবলমাত্র বাহ্যাড়ম্বর গোড়ায় গলদ ইত্যাদি বিদ্রূপ বাক্যে যাহা কিছু আছে বা হইবার আশা আছে তাহাও নষ্ট করিবেন? সে রাম নাই, সে অযোধ্যা নাই সে কাল নাই।' আব্রহ্ম চণ্ডাল হিন্দু সমাজ কালস্রোতে কিভাবে ওতঃপ্রোতঃ হইয়া গিয়াছে কত যে গ্লানি ঢুকিয়াছে তাহা ঘুচাইবার শক্তি শ্রীভগবানের অবতার ব্যতীত আর কার আছে? যেমন আকাশ কেহ সৃষ্টি করিতে পারে না, হিমালয় কেহ চালনা করিতে পারে না, যেমন গঙ্গাবেগ সেতুদ্বারা ধারণ করা যায় না তদ্রূপ ব্রহ্মতেজও জয় করা যায় না। এইমাত্র বলা যায় যে স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ। এই মহা-বাক্য সর্ব্বদা মনে রাখিয়া ব্রহ্মময়ী মাকেই আমরা ডাকিতেছি

জাগো মা ত্রিদশেশ্বরি জাগাও আবার
বিলুপ্ত ব্রহ্মণ্য শক্তি ভারত সন্তানে
মোহমায়া অপনীত কর মহামায়া
অকিঞ্চন ব্রাহ্মণেরে দিও পদছায়া।

লেখক অমেধ্য পেঁয়াজ রসুন অথবা শাস্ত্র পরিত্যজ্য তদপেক্ষাও অমেধ্য কোন দ্রব্য ব্যবহার করেন কিনা জানি না যদি না করেন তাহা হইলে তিনি আমাদের নমস্য। কিন্তু লেখক যেন মনে রাখেন যে উপনয়ন সংস্কারকে কেবল-মাত্র বাহ্যাড়ম্বর গোড়ায় গলদ ইত্যাদি আখ্যা দিয়া ব্রহ্ম-বীজাণু তৈয়ারী করিতে অর্থাৎ মাণিক্য গড়িতে যেন নাহি হয় কচু॥

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

———

## প্রবাসীর পত্রোত্তর।

—০—

জঙ্গিপুর সংবাদে প্রকাশিত প্রবাসীর পত্রখানা দেখি-লাম। কংগ্রেসের সভ্যগণের ইউনিয়ন বোর্ড, লোকাল বোর্ড, জেলা বোর্ড বা মিউনিসিপালিটীর সভ্য হওয়া কংগ্রেস নীতির বিরুদ্ধ নহে, বরঞ্চ কংগ্রেস হইতে স্থানীয় প্রতিষ্ঠান সমূহকে দখল করিবার জন্য কংগ্রেসের উপদেশ আছে। সুতরাং শ্যামাপদ বাবু প্রভৃতি মিলন কংগ্রেসের সভ্যগণ ইউনিয়ন বোর্ডের সভ্য হইয়া কোন নীতি বিরুদ্ধ কার্য্য করেন নাই। অভ্যর্থনা সমিতির সভ্য-তালিকা এখনও সমাপ্ত হয় নাই—কেবল আরম্ভ হইয়াছে। সেইজন্য দ্বিজপদ বাবুর নাম প্রথম তালিকায় ছিল না। প্রথম সভার দিন তিনি জঙ্গিপুরে ছিলেন না। শান্তিনিকেতনে কো-অপারেটিভ সোসাইটী সংক্রান্ত সভায় তিনি গিয়া-ছিলেন। আমি তাঁহার সহিত দেখা করিয়াছি, তিনি অভ্যর্থনা সমিতির সভ্য হইতে স্বীকৃত হইয়াছেন এবং কংগ্রেস প্রতিষ্ঠানটির প্রতি পূর্ণ সহানুভূতি দেখাইবেন বলিয়াছেন। তিনি তাঁহার শক্তি ও সামর্থ্য দিয়া এই কংগ্রেস প্রতিষ্ঠানকে সাহায্য করিবেন ইহা আমি জানি।

শ্রীহেমন্তকুমার সরকার,
অভ্যর্থনা সমিতির সম্পাদক।

———

## মাঘী পূর্ণিমা।

—০—

এই পূর্ণিমায় প্রাণের নিমাই
নদীয়া গিয়াছে ছাড়ি'
ভক্ত জনের হৃদয় মনের
আলোক লইয়া কাড়ি'।

জননীর কথা, বধূর এ ব্যথা,
নদীয়ার চোখে জল—
সব গেল ভেসে! রহিল না দেশে,
কাঁদিয়া কি আর ফল?

সুত প্রিয়তম শুধু সে যে মম
এ কথা ভাবিনা আর।
এই বসুধার সবাই তাহার
সেও যে গো সবাকার।

তবু এই দিনে মোর নিমু বিনে
এই মাঘী পূর্ণিমায়
হরিধ্বনিময় শুনি তার জয়
ব্যথা বাজে এ হিয়ায়।

শ্রীমতী শান্তি রায়।

———

## বিবিধ সংবাদ।

ভীষণ খুন ও ডাকাতি। কান্দী মহকুমায় ভরতপুর থানার অতি নিকটে ভরতপুরের হাটতলায় শক্তিপুর নিবাসী তারকনাথ সাহা নামে এক ব্যক্তি ব্যবসায় উপলক্ষে বাস করিতেন। তাঁহার যথেষ্ট টাকা কড়ি ছিল। তিনি অলঙ্কারাদি বন্ধক রাখিয়া এবং তমস্থক আদি লইয়া বহুলোককে টাকাকড়ি ধার দিতেন। গত ১৬ই ফেব্রুয়ারী রাত্রিকালে তাঁহাকে তাঁহার দোকান ঘরের মধ্যে শ্বাসরোধ করতঃ হত্যা করিয়া কতিপয় দুর্ব্বৃত্ত নগদে ও অলঙ্কারে বহু টাকা অপহরণ করিয়া লইয়াছে। পুলিশ উক্ত ব্যাপার সম্পর্কে কয়েক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া কান্দী পাঠাইয়া দিয়াছেন। আসামীদের মধ্যে আওলাত সেখ ও মোলান সেখ জেলা ম্যাজিষ্ট্রেট ও খান বাহাদুর ফজলল হকের নিকট তাহাদের অপরাধ স্বীকার করিয়াছে ও কয়েকজন আসামী মাল বাহির করিয়া দিয়াছে। যাহাতে এই প্রকার ডাকাতির আইনসঙ্গত প্রতিকার হয় তাহাই সকলের বাঞ্ছনীয়।

কান্দী-বান্ধব।

---

বিবাহের পূর্ব্বে সন্তান প্রসব। ২৪ পরগণা আলিপুরের সবজজ শ্রীযুক্ত কে, এন, দত্তের এজলাসে কলিকাতার কোন বালিকা বিদ্যালয়ের জনৈকা বাঙ্গালী শিক্ষয়িত্রীর পক্ষ হইতে এক মামলা দায়ের হইয়াছে। প্রতিবাদী পিয়ারীলাল মলহোত্র। ভবানীপুর রসা রোডের এক পাঞ্জাবী জুতার দোকানের সত্ত্বাধিকারী। প্রকাশ,— শিক্ষয়িত্রী পিয়ারীলালের দোকানের খরিদ্দার ছিল। সেই সূত্রে উভয়ের আলাপ হয়; পরে উভয়ের বিশেষ ঘনিষ্ঠতা জন্মে। পিয়ারীলাল তাহাকে বিবাহ করিতে সম্মত হয়, বিবাহের পাকা কথাও হয়। ইতিমধ্যে পিয়ারীলাল শিক্ষয়িত্রীর গৃহে যাতায়াত করিতে থাকে। সংসর্গের ফলে শিক্ষয়িত্রীর গর্ভসঞ্চার হয়। এই ব্যাপার ঘটায় তাহাদের বিবাহে বাধা উপস্থিত হয়। শিক্ষয়িত্রী যথা সময়ে সন্তান প্রসব করে। অতঃপর প্রতিবাদী তাহাকে বিবাহও করে না এবং তাহার নবজাত শিশুর ভরণপোষণের ভারও লয় না। গত ২২শে ফেব্রুয়ারী ঐ মামলা উঠে। জজ প্রতিবাদীকে আদালতে হাজির হইবার জন্য শমন জারি করিয়াছেন।

---

ছোরা মারায় ৮ বৎসর। সেখ নান্নু ও সেখ লালা নামে দুইজন মুসলমান তবলচী ছোরা দ্বারা গুরুতর আঘাত করিয়া খুন করার অভিযোগে দায়রা সোপরদ্দ হইয়াছিল। গত ২১শে ফেব্রুয়ারী কলিকাতা হাইকোর্টের জজ মিঃ বাকল্যাণ্ডের এজলাসে জুরীর সাহায্যে তাহাদের বিচার নিষ্পত্তি হইয়া গিয়াছে। আসামী দুইজন কলিকাতার ওয়েষ্টন ষ্ট্রীটের নুরজাহান বাঈয়ের তবলচী। গত ৩রা ডিসেম্বর আসামী নান্নু বহুবাজার ষ্ট্রীটের বাঈজী তারা বাঈয়ের কাছে যায়। সেখানে সে তারাবাঈকে তাহার ভালবাসা জানায়। তারাবাঈ সে ভালবাসা প্রত্যাখ্যান করিয়া তাহাকে তাড়াইয়া দেয়। পরে তারাবাঈয়ের তবলচী লুডন ও পুটন ফিরিয়া আসিলে সে সেই কথা তাহাদিগকে বলিয়া দেয়। তাহারা দুইজন নান্নুর খোঁজে বাহির হইয়া যায়। নান্নু ও লালার সহিত তাহাদের সাক্ষাৎ হয়। লালা উত্তেজিত হইয়া পুটনকে ছোরা দ্বারা আঘাত করে। পুটন পলাইয়া গিয়া পুলিশে সংবাদ দেয়।

---

### প্রাচীন গ্রন্থ সংগ্রহ।

গবেষণারত অনুসন্ধিৎসুগণের ও সাধারণ পাঠকের সুবিধার জন্য রঘুনাথগঞ্জ দেশবন্ধু পাঠাগার প্রাচীন হস্তলিখিত গ্রন্থের ও তালপাতার "পুঁথি"র সংগ্রহ কার্য্যে হস্তক্ষেপ করিয়াছে। এই বিষয়ে আমরা সর্ব্বসাধারণের সাহায্য প্রার্থনা করিতেছি।

বিনীত—
শ্রীদ্বারিকানাথ সাহা, গ্রন্থাধ্যক্ষ,
রঘুনাথগঞ্জ দেশবন্ধু পাঠাগার।

---

বড়লাট পত্নীর দান। বড়লাট পত্নী লেডী আর, উইন মহোদয়া ঢাকার মাতৃমঙ্গল ও শিশু মঙ্গল সমিতির হস্তে একশত টাকা দান করিতেছেন। সমিতির কর্ত্তৃপক্ষ ঐ টাকাতে অনাথ ও পিতৃমাতৃ পরিত্যক্ত শিশুগণের জন্য খাদ্য ও বস্ত্র ক্রয় করিবার সঙ্কল্প করিয়াছেন।

---

গত ২২শে ফেব্রুয়ারী শুক্রবার বেলা ১ ঘটিকার সময় জেলার ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুর ও পুলিশ সাহেব বাহাদুর জঙ্গিপুরে শুভাগমন করিয়াছিলেন। কিছুক্ষণ অবস্থান করিয়া পুনরায় বহরমপুর ফিরিয়া যান। তাঁহারা স্থানীয় মোটরবাসগুলি পর্য্যবেক্ষণের জন্য আসিয়াছিলেন।

---

পরলোক গমন। গত ১৪ই ফাল্গুন রাত্রিতে রঘুনাথগঞ্জের প্রসিদ্ধ মিষ্টান্ন বিক্রেতা শ্রীযুক্ত গঙ্গাধর সাহা মহাশয় পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৭ বৎসর হইয়াছিল। ভগবান তাঁহার আত্মার সদ্‌গতি করুন। আমরা তাঁহার পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

### চিত্রগুপ্তের খতিয়ান।

জঙ্গিপুর মিউনিসিপালিটীর এলাকায় গত ২৩.২।২৯ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে জন্ম ৬। ৩ পুরুষ, ৩ স্ত্রী। মৃত্যু ৫; পুরুষ ৩, স্ত্রী ২, জ্বরে ৩, থাইসিস ১, প্রসববেদনায় ১।

---

মহাত্মা গান্ধীর ভ্রমণ। সংপ্রতি মহাত্মা গান্ধী সিন্ধু প্রদেশে ভ্রমণ শেষ করিয়া দিল্লীতে আগমন পূর্ব্বক মাননীয় শ্রীযুক্ত ভি, জে, পেটেলের ভবনে অবস্থান করিতেছেন। কংগ্রেসের কার্য্যনির্ব্বাহক সমিতির অধিবেশন এবং কংগ্রেসের কার্য্যপদ্ধতি সম্বন্ধে বিভিন্ন দলের নেতৃবৃন্দের আলোচনায় তিনি যোগদান করিবেন।

---

বালকের লোভহীনতা। লণ্ডনের ওয়েষ্ট এণ্ডের নিকট একটী বালক প্রায় ৭০ হাজার টাকার একছড়া মূল্যবান হার কুড়াইয়া পায়। হার ছড়ায় ৭৫টী ছোট বড় মতি ৪৬২ গ্রেণ ওজনের একটী হীরকের অঙ্গুরী ছিল। বালক হারছড়া পাইয়া তাহা পুলিশের নিকট জমা দেয়। ঐ হারের অধিকারিণী লেডি গাথরী নাম্নী সম্ভ্রান্ত মহিলা বাজার করিবার সময় ঐ হার হারাইয়া ফেলেন। লেডী গাথরী বালকটীকে প্রায় ৭ হাজার টাকা পুরস্কার প্রদান করিয়াছেন।

---

অভিনব জুয়াচারী। সংপ্রতি উত্তরপাড়ার দুইজন বারবনিতার গৃহে জনৈক মুসলমান সাধুর বেশে প্রবেশ করিয়া উহাদিগের পীড়া শান্তি করিবার ভাণ করিয়া জলপূর্ণ মৃত্তিকাপাত্র আনয়ন করিতে বলে ও পাত্র আনীত হইলে রমণীদের নিকট হইতে কয়েকখানি অলঙ্কার লইয়া জলের মধ্যে রাখিয়া ছল করিয়া কৌশলে অলঙ্কারগুলি লুকাইয়া ফেলে। পরদিবস জলপূর্ণ পাত্র উন্মুক্ত করিয়া অলঙ্কার ও ঔষধ গ্রহণ করিতে বলিয়া সাধুবেশী মুসলমান অলঙ্কারসহ পলায়ন করে। পরদিবস জলপাত্র উন্মুক্ত করিয়া দেখা যায় যে তাহার মধ্যে জল ভিন্ন আর কিছু নাই। উত্তরপাড়া পুলিশ উক্ত মুসলমান জুয়াচোরের সন্ধান করিতেছে।

---

### প্রাপ্ত।

সম্পাদক বাবাজীবন,

আপনার ১লা ফাল্গুন তারিখের জঙ্গিপুর সংবাদে দেখিলাম জঙ্গিপুর জাতীয় কনফারেন্স আমাকে স্বেচ্ছাসেবক বাহিনীর পরিচালক নিযুক্ত করিয়াছেন। কিন্তু আমি উক্ত পদের সম্পূর্ণ অনুপযুক্ত এবং আমি জঙ্গিপুর কন্‌ফারেন্সের এ পদ গ্রহণ করিতে অনিচ্ছুক। ইতি ১৪ই ফাল্গুন ১৩৩৫।

আঃ—শ্রীশ্যামাচরণ চক্রবর্ত্তী।

---

## গিনি পুরস্কার।

### বর্ণ বিন্যাস প্রতিযোগিতা (নং ৩)

**প্রবেশ ফিঃ মাত্র ।০ চারি আনা।**

একজনে যতগুলি ইচ্ছা উত্তর পাঠাইতে পারেন। কিন্তু প্রত্যেক উত্তর পত্রের সহিত ।০ চারি আনার ৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। যদি মনিঅর্ডার বা রেজিষ্ট্রারী ডাকে পাঠান হয় রসিদ পাইবেন। প্রতিমাসেই এরূপ প্রতিযোগিতা করিবার সুযোগ পাইবেন।

**উত্তর করিবার নিদর্শন।**

| প্রশ্ন। | উত্তর। |
| --- | --- |
| 1. AFIRY. | 1. FAIRY. |
| 2. ADEGHRTU. | 2. DAUGHTER. |
| 3. ACIMRRSY. | 3. MISCARRY. |

### প্রশ্ন।

(যাহার উত্তর পাঠাইতে হইবে।)

1. AAECDYM.
2. IIABDLLSR.
3. EEECCDNR.
4. OIIACRYDTN.
5. IEEERNTMPX.
6. UIESSRF.
7. AEUGNLTT.
8. IAACDHNP.
9. EIOOGLMNRTY.
10. IEDGR.

### নিয়মাবলী :—

☞ আগামী ২৮শে মাঘ হইতে ২৩শে ফাল্গুন পর্য্যন্ত উত্তর পত্র গৃহীত হইবে।

১। উত্তর কাগজের এক পৃষ্ঠায় লিখিতে হইবে।

২। প্রত্যেক উত্তর পত্রের মাথায় ("বর্ণ বিন্যাস প্রতিযোগিতা" নং ৩) লিখিতে হইবে।

৩। প্রত্যেক উত্তর পত্রের সহিত প্রবেশ ফিঃ ।০ চারি আনার ৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। প্রবেশ ফিঃ ভিন্ন উত্তর পত্র গৃহীত হইবে না।

৪। ১৩৩৫ সালের ২৩শে ফাল্গুনের মধ্যে উত্তর আমাদের কার্য্যালয়ে পৌঁছান আবশ্যক। তৎপরে কোন উত্তর গ্রাহ্য নহে।

৫। যিনি সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক প্রশ্নের ঠিক উত্তর দিতে পারিবেন তিনি একখানি গিনি পুরস্কার পাইবেন। যিনি দ্বিতীয় স্থান অধিকার করিবেন তিনি ১টী Ansonia Bee Time-Piece (এ্যানসোনিয়া বি টাইম-পিস ঘড়ি) পুরস্কার পাইবেন। যিনি তৃতীয় স্থান অধিকার করিবেন তিনি একখানি ইংরাজী ডিক্‌সনারী পুরস্কার পাইবেন। যাঁহারা ৪র্থ হইতে ১৫শ স্থান অধিকার করিবেন তাঁহাদের প্রত্যেকে নিজ নিজ নাম ও ঠিকানা ছাপান কার্ড ২৫ খানা করিয়া পাইবেন।

৬। ২৩শে ফাল্গুন ইংরাজী ৭ই মার্চ্চ উত্তরের কাগজগুলি পরীক্ষিত হইবে। 'জঙ্গিপুর সংবাদের' সম্পাদকের মীমাংসা চূড়ান্ত বলিয়া মানিতে হইবে।

।ব ৭দুই। ততোধিক জনের উত্তর একই হইয়া যদি একস্থান অধিকার করেন তাহা হইলে যাঁহার উত্তর অগ্রে আমাদের অফিসে পৌঁছিয়াছে তিনিই পুরস্কারের যোগ্য বিবেচিত হইবেন। প্রতিযোগিতার ফল চৈত্র মাসের প্রথম সপ্তাহে বাহির হইয়া প্রত্যেকের নিকট প্রেরিত হইবে।

৮। নাম ঠিকানা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

উত্তর ও প্রবেশ ফিঃ পাঠাইবার ঠিকানা—
ম্যানেজার জঙ্গিপুর সংবাদ
(প্রতিযোগিতা বিভাগ)
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

আনন্দ সংবাদ! আনন্দ সংবাদ!! আনন্দ সংবাদ!!!

## নূতন সাইকেল ও সরঞ্জামের দোকান।

### এইচ, কে, মুখার্জ্জী

ষ্টোন কোয়ারী হোণ্ডার সাইকেল মারচেণ্ট ইম্পোর্টার ও এক্সপোর্টার

হরিণডাঙ্গা বাজার (ষ্টেশনের সন্নিকট।)

পাকুড় (ই, আই, আর, লুপ লাইন)

এইখানে সকল রকম বি, এস, এ, র‍্যালে, হারকিউলিস, হাম্বার সাইকেল, পার্টস্ ও সরঞ্জাম, টায়ার, টিউব প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়।

কলিকাতা হইতে সাইকেল ভি, পিতে না লইয়া
এখানে আসিয়া স্বয়ং নিজ চক্ষে দেখিয়া
পছন্দ মাফিক জিনিষ কলিকাতা
হইতে আনার অপেক্ষা

**অনেক কম খরচে লইয়া যাউন।**

## নিউ সেলুলয়েড

### মডেল ডি লুক্স সাইকেল।

হ্যাণ্ডেলবার, হাপ, ব্রেক, পেডালের অংশ যাহা মরিচা ধরিয়া শীঘ্র খারাপ হইয়া যায় সে সব অংশে নিকেলের উপর সেলুলয়েড দিয়া মোড়া। মফঃস্বলের রাস্তার পক্ষে সম্পূর্ণ উপযুক্ত। ১নং ৮৫৲ ২নং ৮০৲ ৩নং ৭৫৲ ৪নং ৭২৲ মাত্র। অন্যান্য সাইকেল ৫০৲ হইতে তদূর্দ্ধ। দোকানদার ও সাইকেল মেরামতকারীদিগকে পাইকারী দরে মাল দেওয়া হয়। এখানে সকল সাইকেল, ষ্টোভ, গ্রামোফোন, পাম্পলাইট, হারমোনিয়ম প্রভৃতি মেরামত ও ষ্টোভে রং করিবার কারখানা সুদক্ষ মিস্ত্রীর তত্ত্বাবধানে খোলা হইয়াছে।

**মূল্য সুলভ—পরীক্ষা প্রার্থনীয়।**



সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

## গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই স্বরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

ন্যাশন্যাল হারমোনিয়ম কোং

৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮



## 'সত্যের জয়'

## "মোহিনী"

### বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিবা লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

মুলজি সিক্কা এণ্ড কোং

হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি,)



## —সুরবল্লী কষায়—

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

**দৌর্ব্বল্য**

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

**চর্ম্মরোগ**

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দুষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১॥০ টাকা
তিন শিশি ৩৮০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

বিনা মূল্যে! বিনা মূল্যে!! বিনা মূল্যে!!!

## শ্বেতকুষ্ঠ (ধবল)



আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।॰ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥৵॰ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ আনা।



## বৃদ্ধ কেন?



### রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵॰ টাকা। ছোট শিশি ॥৵॰ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।

১৫২, হ্যারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।



MOTOR CARS  MOTOR BUS

## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)



## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্‌স

৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।



বসাকের "তেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

টেলিগ্রাফের ঠিকানা—"সিনকোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।



শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

/।॰ পোয়া ২৲ টাকা।

অজীর্ণে—ভাস্কর লবণ /৵॰ পোয়া ৷৵॰ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ।॰ আনা, রামবাণ ১০০ বটী ৷৵॰ আনা।

ধাতুদৌর্ব্বল্যে—মদনানন্দমোদক /।॰ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৷৵॰ আনা।

কাসে—চন্দ্রামৃতরস ৫০ বটী ১।॰ টাকা, চ্যবনপ্রাশ /১ সের ৩৲ টাকা।

ঠিকানা:—

কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ

গঙ্গাধর নিকেতন, মালদহ।



## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।



## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম /৫, /১০

পোষ্টবক্স—৬৪৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩॥॰, ৫।॰, ৬।৵॰, ৮৸৵॰, ১০৸৵॰। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ্ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

এম, ভট্টাচার্য্য এণ্ড কোং

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

## উপার্জ্জিত অর্থ ব্যয় করিবার সময় কি দেখা কর্ত্তব্য ?

কর্ত্তব্য হচ্ছে, কষ্টার্জ্জিত অর্থের সদ্ব্যয়। কিন্তু বাজারের নানা প্রকারের মুগ্ধকর বিজ্ঞাপনে মোহিত হইয়া অযথা অর্থব্যয় করতঃ মনঃকষ্টে দিন যাপন করেন। খাঁটী ও মূল্যবান দ্রব্যাদি চিনিতে না পারিয়া, শরীরের সার পদার্থগুলি নষ্ট করিয়া ফেলেন। অর্থ ব্যয় সাফল্য করিবার জন্য নিম্নে কয়টী পদার্থের নাম জ্ঞাপন করিলাম। ইহা বাজারের অসার ও কৃত্রিম পদার্থ নহে। প্রায় ৫০ বৎসর যাবত জগতের সর্ব্বজন পরিচিত ও বহু মূল্যবান ও সুফলপ্রদ পরীক্ষিত দ্রব্য। বর্ত্তমানে লোকে যা, তা ক্রয় করিয়া নিষ্ফল হন, সেইজন্য বিজ্ঞাপিত করা যাইতেছে পরীক্ষা করুন, কখনই নিষ্ফল হইবেন না।

১। অমৃতার্ণব অবলেহ—ইহা মনের অবসাদ, কোষ্ঠ-কাঠিন্য, মস্তিস্ক ক্লান্তি দূর করে ; জীবনীশক্তি শুক্র বৃদ্ধি করিয়া থাকে। কখনই বিফল হয় না। কুড়ি তোলা পূর্ণ প্রতি কৌটা ২৲ টাকা মাত্র।

২। আরোগ্যবর্দ্ধিনী বটিকা—যে কোন প্রকারের জ্বর নিবারণ করিতে সক্ষম। প্রতি কৌটা ১৲ টাকা মাত্র।

৩। চন্দ্রপ্রভা বটীকা—ইহা স্ত্রীলোকের সর্ব্বব্যাধি নাশক। সুস্থ শরীরে সেবন করিলে শরীরে শক্তি বৃদ্ধি হয় ও কোন ব্যাধিতে আক্রমণের ভয় থাকেনা। প্রতি কৌটার মূল্য ১৲ টাকা মাত্র।

৪। মনি তৈল—ইহা মস্তিস্ক শীতলকারক, শরীরের দুর্ব্বলতা নাশক, হাত পা জ্বালা নিবারক, মস্তিস্ক ঘূর্ণন বিদূরিত কারক ও গন্ধে অতুলনীয় ; ইহা বাজারের অসার পদার্থ নহে। প্রতি শিশি ১৲ টাকা।

অন্যান্য বিষয় জানিবার জন্য "সুখপথ প্রদর্শক" বইখানির জন্য পত্র লিখুন। বিনামূল্যে পাইবেন।

প্রাপ্তিস্থান ঃ—

**আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।**

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷০ বার আনা ; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র ; মাশুলাদি ১৷৶০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই এক শিশির মূল্য ১৷৷০ টাকা ; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ৷৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সল্টিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিস্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৷০ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

**সোল এজেন্ট—ডাঃ ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

## দেহে ছুরী বসান আর আবশ্যক হইবে না।




পরীক্ষিত ঔষধাবলী

**কণ্টিক**

বসন্তের প্রতিষেধক।

পেপ—অজীর্ণে ও অম্লে।

বিল—হিষ্টিরিয়ার ঔষধ।

লুং—হাঁপানীর উপকারী।

হর—চুলকানি ও চর্ম্মরোগে

মূল্য প্রতি ড্রাম ।০ আনা।

## সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, টুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী এবং শরীরের যে কোন স্থানের ফোড়া, ভগন্দর প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্যলাভ করিতেছেন। প্রারম্ভে লাগাইলেই বসিয়া যায় এবং বিলম্বে লাগাইলেই ফাটাইয়া দিয়া সম্পূর্ণরূপে রোগমুক্ত করে। এ বৎসর কংগ্রেস একজিবিসনে ও অল ইণ্ডিয়া মেডিক্যাল কনফারেন্সে বহু সংখ্যক খ্যাতনামা ডাক্তারগণ কর্ত্তৃক পরীক্ষিত ও প্রশংসিত। মূল্য ১৲ টাকা মাত্র ; মাশুলাদি স্বতন্ত্র।

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে ৷৷৶০ "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে ১৷০

দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালীন" সেবনে ১৲, কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যত্নে ৷৶০

"সুশীতল তৈল" মস্তিস্ক শীতলে ১৲, নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে ৷৷০

**সোল প্রোঃ ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**

ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

৶০ আনার ডাক টিকিট পাঠাইলে বিনামূল্যে নমুনা দিয়া থাকি।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত